

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
টি এ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/০৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৫১-আইন/২০১৮।—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, Section 4 এর Sub-Section (1) এর Clause (a), Sub-Section (2)-এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে দাউদকান্দি-বাউশিয়া নদী বন্দরের সীমানা নির্ধারণপূর্বক উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা :—

তফসিল

দাউদকান্দি-বাউশিয়া নদী বন্দর এর—

(ক) পশ্চিম সীমানা :—

মেঘনা নদীর উত্তর পাড়ে চাঁদপুর জেলার মল্লিকেরচর এবং দক্ষিণপাড়ে চাঁদপুর জেলার পশ্চিম লালপুরের নিকট আড়াআড়িভাবে নদী অতিক্রমকারী ৯০°৩৬' ২৪.৩০" পূর্ব দ্রাঘিমাংশ বরাবর বিস্তৃত;

(খ) উত্তর-পূর্ব সীমানা :—

গোমতী নদীর পূর্বপাড়ে কুমিল্লা জেলার সারিয়ানন্দি এবং পশ্চিমপাড়ে কুমিল্লা জেলার হাসনাবাদের নিকট আড়াআড়িভাবে নদী অতিক্রমকারী ২৩°৩২' ৩২.৬৬" উত্তর অক্ষাংশ বরাবর বিস্তৃত;

(১৬১৯)

মূল্য : টাকা ৪.০০

(গ) দাউদকান্দি ব্রিজের উজানে মেঘনা নদীর উত্তর পাড়ে কুমিল্লা জেলার চেংগাকান্দি এবং মেঘনা নদীর পশ্চিম পাড়ে মুন্সিগঞ্জ জেলার মনারকান্দির নিকট আড়াআড়িভাবে নদী অতিক্রমকারী ২৩°৩৩' ২১.৯৯" উত্তর অক্ষাংশ বরাবর বিস্তৃত। মেঘনা নদীর পশ্চিম লালপুর হইতে দাউদকান্দি ব্রিজের মধ্যবর্তী স্থানে দুইভাগে বিভক্ত নদীর মূল স্রোত ও বিকল্প স্রোত উভয়ই বন্দর সীমার অন্তর্ভুক্ত; এবং

(ঘ) ভূ-ভাগের সীমানা :—

উপরি-উক্ত বন্দর সীমানার আওতায় নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (Ordinary Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) তটরেখা হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ (Yard) পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম
উপসচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

- ৪৪ -

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়
ডি এ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫০-আইন/২০১৮—Ports Act, 1908 (Act No. XV of 1908) এর Section 7 এর Sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Bangladesh Inland Water Transport Authority (BIWTA) কে দাউদকান্দি-বাউশিয়া নদী বন্দর এর সংরক্ষক (Conservator) নিযুক্ত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৪৯১)

মূল্য : টাকা ৪.০০